Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

## রিসার্চের বিষয়ঃ

## রাসূল সা: মোজিজা


তত্ত্বাবধায়নেঃ

মাও: মামুনুর রশীদ

রিসার্চ ডিপার্টমেন্ট।

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তাহিরা জিন্নাত নুহা

রোলঃ 216020446


৩১ মে,২০২৪ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### রিসার্চের বিষয়ঃ

## রাসূল সা: মোজিজা

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।


তত্ত্বাবধায়নেঃ

মাওঃ মামুনুর রশীদ

রিসার্চ ডিপার্টমেন্ট।

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তাহিরা জিন্নাত নুহা

রোলঃ 216020446

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, "রাসূল সা: মোজিজা" বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে তাহিরা জিন্নাত নুহা, আইডিঃ 216020446 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাও: মামুনুর রশীদ
রিসার্চ ডিপার্টমেন্ট।
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

এক্সটারনালঃ

নাম:
ডিপার্টমেন্ট:
প্রতিষ্ঠান:

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " রাসূল সা: মোজিজা " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাও: মামুনুর রশীদ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

তাহিরা জিন্নাত নুহা

(স্বাক্ষর)

তারিখঃ

৩১ মে, ২০২৪ ইং

**তাহিরা জিন্নাত নুহা**

আইডিঃ 216020446

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

# সূচিপত্র


ভূমিকা :.................................................................................................5
মুজিযা (المعجزة) -এর পারিভাষিক সংজ্ঞা :........................................................5
মুজিযা যাদের জন্য নির্দিষ্ট :.............................................................................6
আল্লাহ যে রাসূলদের মুজিজা দান করেছেন :..................................................8
হযরত ইব্রাহিম (আ :) এর মোজেজা :................................................................8
হযরত মুসা ( আ:) এর মুজিজা...........................................................................9
হযরত ইউনুস (আ:) এর মোজেজা :..................................................................10
হযরত জাকারিয়া (আ:) এর মোজেজা :..............................................................10
ঈসা (আ:) এর মুজিজা:......................................................................................11
হযরত মুহাম্মদ (সা:) জন্মের পর আল্লাহর তরফ থেকে যে সব মোজিজা দান করা হয়:...............12
নবুয়তের পূর্বে মোজেজা:..................................................................................12
রাসূল সা: এর বাহ্যিক গঠনের মোজিজা:...........................................................13
কুরআনের অলৌকিক মোজিজা:.........................................................................15
চাঁদ দ্বিখণ্ডিত হওয়া :.......................................................................................17
রুকানার সাথে কুস্তি :.......................................................................................18
আল ইসরা ওয়াল মিরাজ:................................................................................19
রাসূল সা: হিজরত:............................................................................................23
রাসূল সা : কে বাঁচানোর জন্য পাহাড়ের গুহায় আল্লাহর মোজিজা:..................25
রাসূল সা: কে গাছ উত্তর দিল :.........................................................................27
বিষ মিশ্রিত বকরী :............................................................................................27
খেজুর গাছের কান্না:..........................................................................................28
অফুরন্ত খাবার ও পানি:.....................................................................................29
বদর যুদ্ধে আল্লাহর তরফ থেকে আসা সাহায্য:................................................31
রোগ নিরাময়ে রাসূল সাঃ এর মোজেজা:..........................................................33
রাসূল সা: অদৃশ্য জ্ঞান ছিল:.............................................................................35
উপসংহার:........................................................................................................40

## ভূমিকা :

আল্লাহ তায়ালা মানবজাতিকে সঠিক পথের দিশা দেয়ার জন্য যুগে যুগে অসংখ্য নবী ও রাসূল প্রেরণ করেছেন। আর তাঁদের সত্যতা প্রমাণের জন্য স্বীয় নবী ও রাসূলগণের মাধ্যমে কিছু অলৌকিক ঘটনা প্রদর্শন করেছেন, যা মুজিযা নামে খ্যাত । পবিত্র কুরআন ও হাদীসে এ সকল কর্মকে আয়াত তথা নিদর্শন ও চিহ্ন বলা হয়েছে। পরবর্তী যুগের পরিভাষায় এগুলোকে মুজিযা বলা হয়। নিম্নে মুজিযা সংশ্লিষ্ট আলোচনা প্রশ্নালোকে উপস্থাপন করা হলো।

মুজিযা (المعجزة) -এর আভিধানিক অর্থ : অক্ষমকারী, অলৌকিক বিষয়, অসাধারণ কর্ম, অস্বাভাবিক কর্ম, ইংরেজি প্রতিশব্দ Miracle, Wonder, অলৌকিক নিদর্শন ইত্যাদি।

## মুজিযা (المعجزة) -এর পারিভাষিক সংজ্ঞা :

মুজিযার পারিভাষিক সংজ্ঞা সম্পর্কে ভাষাতত্ত্ববিদগণ কয়েকটি অভিমত ব্যক্ত করেছেন। যেমন-

১. মোল্লা আলী কারী (র) বলেন- নবীগণ তাঁদের নবুয়তের দাবি প্রমাণ করতে যে সকল অলৌকিক কর্ম বা নিদর্শন প্রদর্শন করেন, সেগুলোকে মুজিযা বলা হয়।

২. মুফতি আমীমুল ইহসান (র) বলেন- মুজিযা হলো এমন একটি অস্বাভাবিক কাজ, যা উত্তম কাজের দিকে আহ্বানকারী এবং নবুয়তের দাবির সাথে সংশ্লিষ্ট।

৩. ইলমুল কালামের পরিভাষায়- নবুয়তপ্রাপ্তির পর নবী রাসূল হতে যে সকল অস্বাভাবিক ঘটনা প্রকাশিত হয়েছে তাকে মুজিযা বলা হয় ।

৪. আল মুজামুল ওয়াসীত গ্রন্থপ্রণেতার মতে- আল্লাহর পক্ষ থেকে তাঁরই নির্দেশে সত্য প্রমাণের উদ্দেশ্যে নবী রাসূলগণের মাধ্যমে প্রকাশিত নিদর্শনই হলো মুজিযা।

মুজিযার দৃষ্টান্তঃ সকল নবী রাসূলই আল্লাহ তায়ালার পক্ষ থেকে মুজিযাপ্রাপ্ত ছিলেন। যেমন- ১. মুসা (আ)-এর লাঠি সর্পে পরিণত হওয়া, ২. ঈসা (আ) কর্তৃক মৃতকে জীবিত করা, ৩. ইবরাহীম (আ) জ্বলন্ত অগ্নিতে নিরাপদে থাকা, ৪. আসহাবে কাহাব -এর ঘটনা, ৫. কুরআনুল কারীম হযরত মুহাম্মদ (স)-এর একটি চিরন্তন মুজিযা ইত্যাদি।

## মুজিযা যাদের জন্য নির্দিষ্ট :

মুজিযা কাদের জন্য নির্দিষ্ট, এ ব্যাপারে মুহাক্কিক আলেমগণ বলেন- মুজিযা নবী রাসূলগণ থেকে প্রকাশিত হয়; অন্য কারো থেকে নয়। এ ব্যাপারে সকল মুহাদ্দিস ও মুফাসসির একমত যে,মুজিযা নবী রাসূলগণের জন্যই খাস। কেননা এগুলো তাঁদের পক্ষ থেকেই প্রকাশিত হয়। তাঁদের ব্যতীত অন্য কোনো মানুষের পক্ষ থেকে প্রকাশিত অসাধারণ ঘটনা তথা নিদর্শনকে মুজিযা বলা যায় না; বরং কারামত, ইসতিদরাজ ইত্যাদি বলা হয়।

মুজিযা হচ্ছে নবুয়ত ও রিসালাতের সত্যতা প্রমাণ ও প্রতিষ্ঠার অন্যতম মাধ্যম। মুজিযা মহান আল্লাহর ইচ্ছায় নবীগণের মাধ্যমে প্রকাশিত হয়েছে। যুগে যুগে নবী রাসূলগণ মুজিযাপ্রাপ্ত ছিলেন। সর্বশেষ নবী মুহাম্মদ (স)-এর চিরন্তন ও সর্বজনীন মুজিযার মাধ্যমে নবী রাসূলগণের মুজিযার সমাপ্তি ঘটে।

মানুষকে সত্য পথে সন্ধান দিতে, মানুষ যেন এই দুনিয়ায় ও মৃত্যুর পরের জীবনে কল্যাণ লাভ করতে পারে, সেজন্য আল্লাহ  যুগে যুগে নবী পাঠিয়েছেন।

কুরআনে বলা হয়েছে বিশ্বাসীদের জন্য এটা আল্লাহর তরফ থেকে অসীম দয়া :"আল্লাহ মুমিনদের প্রতি অবশ্যই অনুগ্রহ করেছেন যে নিজেদের মধ্যে থেকে তাদের কাছে রাসূল পাঠিয়েছেন যে আল্লাহর আয়াত তাদের কাছে তেলাওয়াত করে তাদেরকে শুদ্ধ

করে ও পবিত্র কিতাব ও হিকমত শিক্ষা দেয় যদিও তারা ছিল সুস্পষ্ট বিভ্রান্তিতে"( সূরা ইমরান ;৩:১৬৪)।

নবীদের একটিমাত্র উদ্দেশ্য ছিল আল্লাহর বাণী মানুষের মধ্যে ছড়িয়ে দেয়া। তারা মানুষের কাছ থেকে কোন টাকা পয়সা বা জাগতিক লাভ চাইতেন না। আল্লাহর সন্তুষ্টই ছিল তাদের কাম্য। তারা ছিলেন মহৎ চরিত্রের অধিকারী ও প্রকৃত আল্লাহ ভীরু। আল্লাহর পথে মানুষকে দাওয়াত দিতে গিয়ে নানা ধরনের বিপদে-আপদের মুখোমুখি হয়েছেন। তারা এসব বিপদ তাদের ঈমানকে আরও মজবুত করেছে।

নবীদের এই আত্মত্যাগ বিশ্বস্ততা, দৃঢ়চিত্ততা,আন্তরিকতা ও আল্লাহর প্রতি বিশ্বাসের প্রতিদানে আল্লাহ তাদেরকে সাহায্য ও সমর্থন করেছেন।
কুরআনে বলা আছে: "এটা আল্লাহর সিদ্ধান্ত :আমি অবশ্যই বিজয়ী হবো ও আমার রাসুলরাও। নিশ্চয়ই আল্লাহ সর্বশক্তিমান ও পরাক্রমশালী "(সূরা মুজদালাহ ;৫৮:২১)

আল্লাহ কিছু রাসূলকে অলৌকিক শক্তি বা মুজিজা দিয়ে সাহায্য করেছেন যা শুধুমাত্র আল্লাহর ইচ্ছাতেই হতে পারে।

মুজিজা হল এমন এক অতিপ্রাকৃতিক বা অলৌকিক ব্যাপার যা মানুষের ওপর প্রচণ্ড প্রভাব ফেলেছে। এর দুই রকম প্রভাব লক্ষ্য করা যায়।
১.যারা বিশ্বাসী তাদের ঈমান বৃদ্ধি পায়।
২.অনেক অবিশ্বাসী ঈমান আনে।

## আল্লাহ যে  রাসূলদের মুজিজা দান করেছেন :

নবী ও রাসূলদের জীবনের অনেক ঘটনা বিস্তারিতভাবে কোরআনে বলা হয়েছে। যেমনি ভাবে এসব  মোজেজার মাধ্যমে আল্লাহ তাদের ঈমানকে দৃঢ় করেছে তেমনি ভাবে অবিশ্বাসেরদের থেকে মোজেজার মাধ্যমে তাদেরকে রক্ষা করেছেন।

নিম্নে কিছু মোজেজার বর্ণনা দেয়া হলো :

## হযরত ইব্রাহিম (আ :) এর মোজেজা :

মূর্তি পূজারীরা ইব্রাহিম (আ:) কে  আগুনে পুড়িয়ে হত্যা করার  ষড়যন্ত্র করেছিল। কিন্তু আল্লাহর হুকুমে সেই আগুন শীতল হয়ে গিয়েছিল। আল্লাহ মজিজার মাধ্যমে নবীকে রক্ষা করেছিলেন।

কুরআনে আল্লাহ জানান," আমি বললাম :হে আগুন তুমি ইব্রাহিমের জন্য শীতল ও নিরাপদ হয়ে যাও।"( সূরা আম্বিয়া,২১:৬৯)

যে পাখিকে ইব্রাহিম (আ:) কেটে টুকরো টুকরো করেন সেই পাখি তার কাছে জীবিত ফেরত আসলো।

"যখন ইব্রাহিম বলল, হে আমার পালনকর্তা, আমাকে দেখান কিভাবে আপনি মৃতকে জীবিত করবেন আল্লাহ বললেন: তুমি কি বিশ্বাস করো না? ইব্রাহিম বলল: অবশ্যই বিশ্বাস করি তবে দেখতে চাচ্ছি মনের প্রশান্তির জন্য। আল্লাহ বললেন তবে চারটি পাখি ধরে পোষ মানাও। তারপর তাদের শরীরের বিভিন্ন অংশ বিভিন্ন পাহাড়ে রাখো। এরপর ওদের ডাকো;তারা দ্রুত  তোমার কাছে চলে আসবে (সূরা বাকারা, ২ :২৬০)

## হযরত মুসা ( আ:) এর মুজিজা

আল্লাহ যে মুজিজা  মুসা (আ:)কে দান করেছিলেন তা তিনি ব্যবহার করেছিলেন ফেরাউন ও তার  পরিষদ কে সত্য পথের দাওয়াত দিতে।

" ফেরাউন বলল,যদি তুমি  কোন নিদর্শন এনে থাকো, তবে সত্যবাদী  হলে তা দেখাও। তখন মুসা তার লাঠি ছুড়ে দিল থাকে তা অজগর হলো। " (সূরা আরাফ,৭:১০৬-১০৭)

মুসা (আ:) এর লাঠী পরিণত হয় বিশাল এক সাপে ও জাদুকরদের সব সাপকে তা গিলে খায়।

" তোমার ডানহাতে যা আছে তা নিক্ষেপ কর;এটা ওরা যা করেছে তা তো যাদুকরের কৌশল ;জাদুকররা  যেখানেই থাকুক  সফল হবে না।"( সূরা তাহা;২০:৬৯)

মূসা (আ:) এর হাত বরফের  মত সাদা হত -"তোমার হাততোমার বগলের সাথে মিলাও, তাহলে তা উজ্জ্বল হয়ে বেরিয়ে আসবে কোনরূপ  ত্রুটি ছাড়া ;আরেকটি নিদর্শন রূপে।"(  সূরা তাহা ;২০: ২২ -২৩)

ফেরাউনের কাছ থেকে মুসা আলাইহি সাল্লাম পালিয়ে যায় মুজিজার মাধ্যমে আল্লাহ তাদেরকে অক্ষত পালাতে সাহায্য করেন। অন্যদিকে ফেরাউন দলবল সহ ডুবে যায় পানিতে। মুসা (আ:) লাঠি দিয়ে সমুদ্রে আঘাত করেন ও সমুদ্রের মধ্যে জন্য পথ বের হয়:" যখন দুই দল একে অন্যকে দেখল, তখন মুসার সাথিরা বলল, আমরা তো ধরা পড়ে গেলাম। মুসা বললো: কখনো না আমার সাথে আমার প্রভু আছে; তুমি আমাকে পথ দেখাবেন। এরপর আমি মুসার কাছে ওহী পাঠালাম: তোমার লাঠি দিয়ে সমুদ্রে আঘাত করো। ফলে সমুদ্র দুই ভাগ হয়ে উচু পাহাড়ের মত হয়ে গেল। আমি অন্য দলকে সেখানে আনলাম ও উদ্ধার করলাম মুসা ও তার সাথীদের এবং পানিতে ডুবিয়ে অন্য দলকে।  "( সূরা শু'আরা২৬: ৬১-৬৬)

## হযরত ইউনুস (আ:) এর মোজেজা :

মাছ গিলে ফেলার পর অলৈকিকভাবে ইউনুস (আ:) রক্ষা পান।

" ইউনুসও ছিল রাসূলদের একজন। যখন সে পালিয়ে বোঝাই নৌকায় ও লটারিতে দোষী সাব্যস্ত হলো, এরপর একটি মাছ তাকে গিলে ফেলে ও সে নিজেকে ধিক্কার দেয়।সে যদি আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষনা না করতো তবে কেয়ামত পর্যন্ত তাকে মাঝে পেটেই থাকতে হতো; তারপর আমি ওকে নিক্ষেপ করলাম প্রান্তরে, সে ছিল তখন রুগ্ন। " (সূরা সাফফাত ; ৩৭:১৩৯-১৪৫)

## হযরত জাকারিয়া (আ:) এর মোজেজা :

অতি বৃদ্ধ বয়সে সন্তান লাভের সুখবর পান তিনি।

"জাকারিয়া তার প্রভুর কাছে প্রার্থনা করলো:আমাকে তুমি তোমার কাছ থেকে সৎ বংশধর দান করো। নিশ্চয়ই তুমি প্রার্থনা শুনে থাকো। জাকারিয়া সালাতে দাঁড়ালেন, তখন ফেরেশতা তাকে ডেকে বললো: আল্লাহ তোমাকে ইয়াহিয়ার সুখবর দিচ্ছেন। সে হবে আল্লাহর বানীর সমর্থক, নেতা, স্ত্রী বিরাগী ও পুণ্যবানদের মধ্যে একজন নবী। " ( সূরা ইমরান;৩:৩৮-৪০)

মারিয়াম (আ:) যে মোজেজা দান করা হয়েছিল- সব সময় তার কাছে খাবার থাকতো।

" জাকারিয়া কামরায় মারিয়াম এর সাথে দেখা করতে যেতেন, তখনই তার কাছে খাবার দেখতেন, বলতেন :হে মারিয়াম; এসব তুমি কোথায় পেলে? সে বলতো:এসব আল্লাহর কাছ থেকে। নিশ্চয় আল্লাহ যাকে ইচ্ছা অপরিমিত রিজিক দান করেন।"( সূরা ইমরান;৩:৩৭)

## ঈসা (আ:) এর মুজিজা:

জন্মের মুহূর্ত থেকে শুরু করে সারা জীবন ধরেই ঈসা আঃ কে মজিজা দান করা হয়। এসবের বিস্তারিত বর্ণনা কোরআনে দেওয়া হয়েছে।

" যখন আল্লাহ বলবেন:হে ঈসা ইবনে মারিয়াম তোমার ও তোমার মায়ের প্রতি অনুগ্রহ স্মরণ কর। পবিত্র আত্মা দিয়ে আমি তোমাকে শক্তিশালী করেছিলাম। তুমি মায়ের কোলে থাকা অবস্থায়ও পরিনত বয়সেও মানুষের সাথে কথা বলতে; আর আমি তোমাকে শিখিয়েছিলাম কিতাব,হেকমত,তাওরাত ও ইঞ্জিল।

তুমি কাদামাটি দিয়ে আমার আদেশে পাখি বানিয়ে তাতে ফু দিতে; আর আমার আদেশে তা পাখি হয়ে যেত। আমার আদেশে তুমি জন্মান্ধকে ও কুষ্ঠ রোগীকে সুস্থ করতে।

তুমি আমার আদেশে মৃতকে কবর থেকে বের করে নিয়ে আসতে। আমি বনি ইসরাইলকে নিভৃত করেছিলাম যখন তুমি তাদের কাছে স্পষ্ট প্রমাণ নিয়ে গিয়েছিলে আর তাদের মধ্যে যারা কুফুরি করে তারা বলেছিল: এত জাদু ছাড়া কিছুই নয়।"( সূরা মায়েদা;৫:১১০)

"আর তিনি( আল্লাহ) তাকে( ইসাকে) শিখাবেন কিতাব,হেকমত, তাওরাত ও ইঞ্জিল; ও তাকে বনি ইসরাইলের জন্য রাসূল হিসেবে মনোনীত করবেন। সে বলবে: আমি তো তোমাদের কাছে এসেছি তোমার প্রভুর কাছ থেকে নিদর্শন নিয়ে। তা এই, আমি কাদা মাটি দিয়ে পাখি বানিয়ে ফু দিবো এরপর আল্লাহর হুকুমে তার জীবন্ত পাখি হয়ে যাবে। আমি আল্লাহর আদেশে ভালো করে তুলবো জন্মান্ধ ও কুষ্ঠ রোগীকে তোকে বাঁচিয়ে তুলবো। আমি তোমাদের বলে দেবো তোমরা কি খাও ও কি ঘরে মজুত রেখেছো। নিশ্চয়ই এসব হলো নিদর্শন যদি বিশ্বাসী হও। " (সূরা ইমরান;৩: ৪৮-৪৯)

উপরে উল্লেখিত মুজিজা ছাড়াও আরো বেশ কিছু মোজিজার কথা কুরআনে বলা হয়েছে। এসব মোজিজা আল্লাহর আদেশে এবং তিনি যেভাবে চেয়েছেন সেভাবেই হয়েছে।

## হযরত মুহাম্মদ (সা:) জন্মের পর আল্লাহর তরফ থেকে যে সব মোজিজা দান করা হয়:

হযরত মুহাম্মদ সা ছিলেন একজন বরকতময় মানুষ। তার সব কথা,কাজ,দৃঢ় ইমান ও সৎ স্বভাব এর মধ্যে দিয়ে পুরো মানবজাতির জন্য রাসূল সা উত্তম আদর্শ হিসাবে প্রতিষ্ঠা করেছেন। আগের অনেক নবী ও রাসূলদের মত হযরত মুহাম্মদ ( সা:) কেও আল্লাহর আদেশে বেশ কিছু মোজেজা দেখান। এসব মজেজা দেখে যেন মানুষ থেকে শিখতে পারে। কিছু মোজেজা শুধুমাত্র রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম এর সাথীরাই দেখেছেন, আবার অবিশ্বাসীরাও অনেকে দেখেছেন এ ধরনের কিছু মোজেজার কথা কোরআনে এসেছে। কিচু হাদীসে ও ইসলামি চিন্তাবিদরা বর্ণনা করেছেন।

## নবুয়তের পূর্বে মোজেজা:

হযরত মুহাম্মদ সা জন্মের পর থেকেই এমন কিছু মোজিজা আল্লাহ দান করেছেন যা ভবিষ্যতে তার নবী হওয়ার ইশারা দেয়।

রাসূল( সা:) জন্মের সময় তার মা আমিনা একটি আলো দেখতে পান।(মুসনাদ ইমাম আহমাদ,৫/২৬২)। তার শরীর থেকে এই আলো বেরিয়ে আসছিল এবং সেই আলো আশ শাম পর্যন্ত ছড়িয়ে পড়েছিল। সেই আলোর দ্বারাই প্রকাশ পাচ্ছিল যে মুহাম্মদ ( সা:) বার্তা বিশ্বময় ছড়িয়ে যাবে।

রাসূল সাঃ যখন পথ দিয়ে চলতেন তখন তার উপর ছায়া থাকতো। রাসুল সাঃ এর প্রথম স্ত্রী খাদিজা (রা:) বলেন তিনি দেখেছিলেন দুজন ফেরেশতা তার স্বামীকে পথ চলার সময় ঢেকে রেখেছিলেন।(ইবনে সাদ)

রাসূল ( সা:) যখন দুধ মা হালিমা বাড়িতে ছিলেন তখন তার সংসারে রিজিক ও বরকত বেড়ে গেল। যে উটগুলো দুধ দিচ্ছিল না সেগুলো দুধ দেওয়া শুরু করল, দুর্বল গাধা দ্রুত গতিতে চলতে লাগলো।

## রাসূল সা: এর বাহ্যিক গঠনের মোজিজা:

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর বাহ্যিক গঠনের সৌন্দর্য এবং তাঁর শারীরিক গঠন সম্পর্কে বিভিন্ন হাদিসে বর্ণিত হয়েছে। তাঁর সৌন্দর্য ও শারীরিক বৈশিষ্ট্য ছিল অতুলনীয়। কিছু হাদিস থেকে তাঁর বাহ্যিক গঠনের মুজিজা নিম্নরূপ:

১. আনাস ইবনে মালিক (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন:

> "রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ছিলেন মাঝারি উচ্চতার, না খুব লম্বা, না খুব বেঁটে। তাঁর রঙ ছিল উজ্জ্বল ও দীপ্তিময়। তাঁর চুল ছিল না খুব সোজা, না খুব কোঁকড়ানো। তাঁর দাড়ি ছিল ঘন।"

(সহিহ বোখারি, হাদিস নং ৩৫৪৭)

২. আলী ইবনে আবু তালিব (রাঃ) বর্ণনা করেন:

> "তিনি ছিলেন না খুব লম্বা, না খুব বেঁটে। তাঁর হাত-পা ছিল মজবুত এবং মাংসপেশিতে ভরপুর। তাঁর মাথা ছিল বড় এবং তাঁর চুল ছিল ঘন। তাঁর গালের হাড় ছিল স্পষ্ট। তাঁর চোখ ছিল বিশাল এবং সুন্দর। তাঁর দাঁত ছিল চকচকে এবং যখন তিনি কথা বলতেন, তাঁর মুখ থেকে আলো বিচ্ছুরিত হতো।"

(তিরমিজি, শামাইল আল-মুহাম্মদিয়্যাহ)

৩. আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন:

> "আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর চেয়ে সুন্দর কাউকে কখনও দেখিনি। যেন তাঁর চেহারায় সূর্য ও চাঁদের আলো মিলেমিশে গেছে।"

(তিরমিজি, হাদিস নং ৩৬৪৮)

৪. হযরত আবু রামাসা তামীমী রা: রাসূল সা : কে দেখা মাত্রই তাৎক্ষণিকভাবে রাসূল সা: কে সত্য বলে মেনে নিয়ে মুসলমান হয়ে গিয়েছিলেন।

তিনি বলেন, "আমি নবী করীম সাল্লাল্লাহু আলাই সাল্লাম এর পবিত্র দরবারে হাজির হলাম, আমার পুত্র ছিল।আমি যখন উনাকে দেখলাম, তখনই বলে ফেললাম, ইনি আল্লাহর নবী। " (জাওয়াহিরুল বিহার,১ম খন্ড,৫৫ পৃ)

৫. রাসূল সাল্লাহু সাল্লাম এর পবিত্র কদম মোবারক যখন পাথরের উপর পড়তো, তখন পাথর নরম হয়ে যেত।

এ ব্যাপারে হাদিস শরীফে স্পষ্ট বর্ণনা রয়েছে। হযরত আবু হুরায়রা( র:) ও আবু উমামা (র:) বলেন," যখন মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম  পাথরের উপর চলতেন তখন পা মোবারকের চিহ্ন বসে যেত। অর্থাৎ তার পায়ের নিচে তা নরম হয়ে যেত।"( বায়হাকী,ইবনে আসাকির,যুরকানি ৪র্থ খন্ড ১৯৭ পৃ:)

৬. রাসূল সা: পবিত্র ঘাম মেশক ও আম্বরের চেয়েও সুগন্ধিযুক্ত ছিল।

হযরত আনাস বিন মালিক রাঃ থেকে বর্ণিত," রাসূল সা: আমাদের ঘরে প্রবেশ করলেন। অতঃপর তিনি বললেন, আমার দেহ থেকে ঘাম বের হচ্ছে। তখন উম্মে সুলাইম একটি পাত্র নিয়ে এসে ঘাম সংগ্রহ করে পাত্রে ভর্তি লাগলেন। রাসূল সা: বলেন, হে উম্মে সুলাইম! তুমি কি করছ? উম্মে সুলাইম বললেন, এটা আপনার দেহের ঘাম। আমরা এটা সুগন্ধী হিসেবে ব্যবহার করব আর এটাই সবচেয়ে উত্তম সুগন্ধি"।

(সহীহ বুখারী, ইস্তিযান:৫৮০৯)

এই হাদিসগুলো থেকে বোঝা যায় যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ছিলেন অত্যন্ত সুন্দর এবং তাঁর শারীরিক গঠন ছিল অতুলনীয়, যা মানুষের হৃদয়ে এক গভীর প্রভাব ফেলতো।

## কুরআনের অলৌকিক মোজিজা:

হযরত মুহাম্মদ( সা:) জীবনে আল্লাহর তরফ থেকে যেসব মোজেজা দান করা হয়েছে তার মধ্যে অন্যতম শ্রেষ্ঠ হল পবিত্র কুরআন। আল্লাহ মানব জাতির কাছে তার বাণী পৌঁছে দেয়ার জন্য হযরত মুহাম্মদ (সা:) কে নির্বাচিত করেন। এ ছিলবিরাট দায়িত্ব। রাসূল( সা:) হেরা পর্বতের গুহায় দীর্ঘ সময় অতিবাহিত করতেন। হঠাৎ একদিন জিবরাইল( আ:) তার কাছে হাজির হলেন। আল্লাহর প্রেরিত বাণী নিয়ে। এসে বললেন,'ইক্বরা'- তিলাওয়াত করো। রাসূল ( সা:) উত্তরে বলে উঠলেন," আমি তো পড়তে জানি না।" জিবরাইল(আ:) তখন মুহাম্মদকে শক্ত করে বুকে জড়িয়ে ধরে চাপ দিলেন, ছেড়ে দিয়ে বললেন, 'ইক্বরা'। রাসূল (সা) আবারো বললেন," আমি তো পড়তে জানি না।" পুনরায় জিবরাইল আতাকে বুকে জড়িয়ে ধরে চাপ দিয়ে বললেন," ইকরা"। এভাবে একবার দুবার তিনবার করার পর অবশেষে তিনি কুরআনের নাযিলকৃত প্রথম আয়াত সমূহ তেলাওয়াত করলেন।

"পড়ুন আপনার রবের নামে যিনি সৃষ্টি করেছেন। সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে। পড়ুন আপনার প্রতিপালক মহাদয়ালু। যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন। শিক্ষা দিয়েছেন মানুষকে এমন জ্ঞানের যা সে জানতো না।" ( সূরা আলাক, ৯৬:১-৫)।

এভাবেই আল্লাহ তা' য়ালা তার পবিত্র বানী পৌছে দিয়েছেন।

রাসূল (সা:) কাছে ওহী নাযিল ও জিব্রাইল( আ:)এর সাথে দেখা হওয়ার ঘটনা বহুবার কোরআনে আয়াতে বলা হয়েছে।

"... তোমাদের সাথী পথভ্রষ্ট বা বিপদগামী নয় খুশিমতো কথা বলে না আন ওহী ছাড়া আর কিছুই নয়; সে খেয়াল খুশিমতো কথা বলে না। এ কোরআন ওহী ছাড়া আর কিছুই নয় যা তাকে শেখায় এক শক্তিশালী সত্তা। সে ( জিবরাইল) স্থির হয়েছিল দিগন্তে এরপর ফেরেশতা কাছে আসলো; তাদের ( মুহাম্মদ ও জিবরাইল এর মধ্যে দূরত্ব ছিল দুই ধনুকের ব্যবধান বা তার চেয়েও কম। আল্লাহ তার দাসের প্রতি ওহী

প্রেরণ করেন। সে যা দেখেছে তার হৃদয় সে সম্পর্কে মিথ্যা বলেনি। তবে কি তোমরা সে যা দেখেছে তা নিয়ে তার সাথে তর্ক করবে? " (সূরা নাজম; ৫৩: ২-১২)

আরোও এমন অনেক আয়াত কুরআনে উল্লেখিত আছে যে এই ওহী আল্লাহর তরফ থেকে এসেছে মানুষের হেদায়াতের জন্য।

" সত্যিই ওহী আসে জগৎসমূহের প্রতিপালকের কাছ থেকে। বিশ্বাসী আত্মা( জিবরাইল) এটা নিয়ে আসে তার অন্তরে যাতে তুমি সতর্ককারীদের একজন হতে পারো।" সূরারা শুয়ারা;২৬:১৯২-১৯৪)।

কুরআনের এসব আয়াত আসার পর আল্লাহর আদেশ হযরত মুহাম্মদ( সা :) মানুষের কাছে আল্লাহর বাণী পৌঁছে দেয়ার দায়িত্ব শুরু করলেন। এভাবে একনাগাড়ে ২৩ বছর ধরে ওহী আসলো।

ওহী যখন আসতো তখন নবীর অনুভূতি কেমন হতো তা হাদিসে বলা হয়েছে। ওহী গ্রহণের সময় উপস্থিত সাহাবীরা বলেছেন, তখন মনে হতো চারপাশে মৌমাছির গুঞ্জন মত শব্দ হতো।আয়শা(রা:) বলেন, "এক শীতের দিনে আমি দেখেছি রাসুল সালাম ওহী গ্রহণ করছেন আর কপাল দিয়ে ঘাম ঝরছে। "( বুখারীও তিরমিজি) আবু হুরায়রা বলেন," যখন আল্লাহর কাছ থেকে ওহী আসত তখন রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম এর অবস্থা জ্ঞান হারানোর মতো হতো। " ( আবু নায়ীম)

ওহী নাযিলের পুরোটা সময় জুড়ে আল্লাহ তা রাসূলকে সমর্থন ও সাহস যুগিয়েছেন যেন মানুষের কাছে সঠিকভাবে তার বাণী পৌঁছে দিতে পারে।

আল্লাহর রাসূলকে সাহায্য করেছেন কুরআনের আয়াত স্মৃতিতে ধরে রাখতে।" আমি তোমাকে পাঠ করাব, তাই তুমি কুরআন ভুলবে না।" (সূরা আ'লা ;৮৭:৬)

কুরআনের সব আয়াত মনে রাখতে পারাটা রাসূল সাল্লাল্লাহু সালামের প্রতি আল্লাহর তরফ থেকে একটি মোজেজা। দরকার মত কুরআনের আয়াত মনে করতে পারার জন্য দীনের দাওয়াত দেওয়াটা রাসুল সা: এর জন্য সহজ হয়েছিল।

পুরো কুরআন মুখস্থ করতে পারা কুরআন স্মৃতিতে ধারণ করে রাখা আল্লাহর তরফ থেকে সবচেয়ে বড় এক মোজেজা। তা সংরক্ষণ করা ও নিশ্চয়তা প্রদান করে যে এটি

কখনো  বিকৃত হবে না বা মানুষ কোরআন ভুলে যাবে না। আজও এই মোজেজা অব্যাহত আছে।

"আল্লাহর কিতাবের যে বাণী তোমার কাছে আছে তা তেলাওয়াত করো। কেউ আল্লাহর বাণীকে বদলে দিতে পারবে না। কখনোই তুমি আল্লাহ ছাড়া আর কাউকে নিরাপদ আশ্রয়স্থল হিসেবে পাবে না। ( সূরা আল কাহফ; ১৮ : ২৭)

রাসূল সা: এর মৃত্যুর মধ্য দিয়ে সকল মোজিজার পরিসমাপ্তি হলেও কুরআন এমন এক মোজিজা যা আজও মানুষের বিশ্বাসকে দৃঢ়ভাবে প্রবাভিত করেছে।

## চাঁদ দ্বিখণ্ডিত হওয়া :

কুরাইশের লোকেরা নিদর্শন দেখানোর জন্য রাসূলুল্লাহ সা: বারবার চাপাচাপি করছিল। কোরআন তাদের জন্য  যথেষ্ট ছিল না যদিও কুরআনের চেয়ে বড় অলৌকিক বিষয়ের কিছুই নেই। আল্লাহ তায়ালা জিব্রাইল আ: মাধ্যমে রাসূলুল্লাহ সা: কাছে ওহী পাঠালেন," যদি নিদর্শন দেখতে চায়, আমরা তাদের জন্য চাঁদকে দুই ভাগ করে দেব।'

রাসূলুল্লাহ সা: কাফিকদের ডেকে  বললেন,' চাঁদ দুইভাগ হয়ে যাবে। '

এই ঘটনা বুখারী, মুসলিম এবং কুরআনে স্পষ্টভাবে বর্ণিত আছে।

আল্লাহ সুবহান আল্লাহ বলেছেন, "কেয়ামত আসন্ন, চন্দ্র বিদীর্ণ হয়েছে। তারা যদি কোন নিদর্শন দেখে তবে মুখ ফিরিয়ে নেয় এবং বলে, এটা তো চিরাগত যাদু। " (সূরা ক্বমার,৫৪:১-২)

ইমাম বুখারী র: বর্ণনা করেছেন, নবী করীম সাল্লাল্লাহু আলাই সাল্লাম এর পবিত্র যুগে চাঁদ দ্বিখণ্ডিত হয়ে গিয়েছিল।

আব্দুল্লাহ ইবনে মাসউদ(রা:) বলেন, হুজুরের সাঃ এর যুগে চাঁদ ফেটে দুই ভাগে বিভক্ত হয়ে গিয়েছিল। প্রিয় নবী সা: লোকদের বললেন," সাক্ষী থাকো যে চাঁদ দুই টুকরো হয়ে গেছে।"

আনাসস বিন মালেক রাঃ বর্ণনা করেছেন, মক্কাবাসী রাসূল সা: নিকট এসে নিশানী দেখানোর দাবি করত। এজন্য তিনি আল্লাহর নির্দেশে তাদেরকে এই নিশানী দেখালেন, যে চাঁদ দুই টুকরো হয়ে গেল।

আব্দুল্লাহ ইবনে আব্বাস রা: বর্ণনাতেও নবী সাল্লাল্লাহু সালামের যুগে মক্কায় অবস্থানকালে চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার ঘটনা উল্লেখ হয়েছে।

প্রথম যুগের একজন আলিম আল খাত্তাবি বলেন,'চাঁদ বিভক্ত হওয়ার ঘটনাটি ছিল পূর্ববর্তী নবীদের নিদর্শন এর তুলনায় একটা বড় মাপের নিদর্শন। এর কারণ ছিল, এটা বিশাল এলাকা জুড়ে দৃশ্যমান হয়েছিল এবং এটি ছিল প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম একটি ঘটনা। এর মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বার্তার সত্যতা প্রমাণিত হয়। '

## রুকানার সাথে কুস্তি :

রাসূলুল্লাহ (সা:)আরেকটি অলৌকিক ঘটনা হলো রুকানার সাথে কুস্তি। রুকানা ছিল মক্কার সবচেয়ে শক্তিশালী কুস্তিগীর। কখনো কোন কুস্তিতে পরাজিত হয়নি। একদিন মক্কার এক বিরান গিরিপথে রুকানা রাসূল সা; এর সামনাসামনি হয়ে গেল। রাসূল সা: তাকে বললেন,"হে রুকানা! তুমি আল্লাহকে ভয় এবং আমি যে জিনিসের দাওয়াত দেই তা গ্রহণ করো না কেন?"

রুকানা বলল, "আমার যদি বিশ্বাস হতো যে আপনি যা বলেন তা সত্য তাহলে অবশ্যই আপনার আনুগত্য করতাম।"

হুজুর সা: বললেন," কুস্তিতে আমি যদি তোমাকে হারিয়ে দেই তাহলে তুমি আমার কথা সত্য হিসেবে মেনে নিবে।" সে বললো, "নিশ্চয়ই মেনে নেব। এসো শক্তি পরীক্ষা করা যাক"। এভাবে সে নবীজীকে ( সা:) চ্যালেঞ্জ ছুঁড়ে দিল। হুজুরর সা: বললেন, "ঠিক আছে এসো। "

রুকানা রাসুল সা:এর সঙ্গে কুস্তির জন্য উঠে দাঁড়ালো। রাসূল সা: তাকে খুব জোরের সঙ্গে ধরলেন এবং কাবু করে ফেললেন। অতঃপর তাকে পটকে ফেললেন। কিন্তু সবই

বেকার। সে বলল, "মুহাম্মদ সা: আরেকবার লড়াই করতে হবে। সে বললেন," আচ্ছা ঠিক আছে। আবারো চেষ্টা করে দেখো।"

তিনি তাকে দ্বিতীয়বার হারিয়ে দিলেন। মক্কার রুস্তম দুবার হেরে যাওয়ায় রুকান বলতে লাগলো, "হে মুহাম্মদ! কি আশ্চর্যের কথা যে আপনি আমাকে হারিয়ে দিয়েছেন।"

তিনি বললেন, " তুমি চাইলে এর থেকেও বেশি আশ্চর্যের ব্যাপার তোমার সামনে পেশ করতে পারি। কিন্তু শর্ত হলো, তোমাকে আল্লাহকে ভয় করতে হবে এবং নিজের ভূমিকা পরিবর্তন এবং আমার আনুগত্য করতে হবে।" রুকানা বলল," তার চেয়ে বেশি আশ্চর্যের বস্তু আর কি হতে পারে, যা আমাকে দেখাতে চান।"

তিনি বললেন," ওই বৃক্ষ যা তুমি দেখছো, তা আমি ডাকবো এবং সে আমার দিকে আসবে। "

সে বলল," ঠিক আছে ডাকুন। "

অতঃপর বৃক্ষকে ডাকলেন এবং সে তার দিকে রওয়ানা দিল। এমনকি তার নিকট এসে থেমে গেল। তারপর তিনি বৃক্ষ কে ফিরে যাওয়ার নির্দেশ দিলেন। বৃক্ষটি তার স্থানে ফিরে গেল।

যদিও কাফের হিসেবে রুকানার ইচ্ছা ছিল, রাসূলুল্লাহ সা: কে লাঞ্ছিত করা। নবীজি সা: এর এমন নিদর্শন দেখে আশ্চর্য হলেন । পরবর্তীতে রুকানা ইসলাম গ্রহন করলেন।

## আল ইসরা ওয়াল মিরাজ:

রাসুলের জীবনে যেসব আশ্চর্যজনক ঘটনা ঘটেছে তার মধ্যে অন্যতম হলো ইসরা ওয়াল মিরাজ। এটি আল্লাহর তরফ থেকে রাসুলের জন্য একটি অনুগ্রহ।

ইসরা ও মেরাজ হল হযরত মুহাম্মদ (সা) এর জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ এবং অলৌকিক ঘটনা। এটি ইসলামের ইতিহাসে বিশেষ স্থান দখল করে আছে এবং মুসলমানদের জন্য অত্যন্ত মর্যাদাপূর্ণ।

**ইসরা** শব্দটি এসেছে আরবি ভাষা থেকে, যার অর্থ রাতের ভ্রমণ। এক রাতে হযরত জিব্রাইল (আ) এর সহচর্যে হযরত মুহাম্মদ (সা) মক্কা থেকে যাত্রা শুরু করেন। তিনি 'বোরাক' নামের একটি বিশেষ বাহনে চড়ে বায়তুল মুকাদ্দাস বা আল-আকসা মসজিদে (যা বর্তমানে জেরুজালেমে অবস্থিত) গমন করেন। এই স্থানটি ইসলামে তৃতীয় পবিত্রতম স্থান হিসেবে বিবেচিত হয়।
**মেরাজ** শব্দটির অর্থ হল ঊর্ধ্বগমন বা স্বর্গাভিযান। আল-আকসা মসজিদ থেকে হযরত মুহাম্মদ (সা) সাত আসমান ভ্রমণ করেন। এই ভ্রমণে তিনি বিভিন্ন আসমানে বিভিন্ন নবীর সাথে সাক্ষাৎ করেন। সাত আসমান পেরিয়ে তিনি সিদরাতুল মুনতাহা নামক একটি বিশেষ স্থানে পৌঁছান, যা আল্লাহর সিংহাসনের নিকটবর্তী।

কুরআনের সূরা ইসরার প্রথম আয়াতে ইসরা ওয়াল  মেরাজ সম্পর্কে বলা হয়েছে, "পবিত্র ও মহিমাময়  তিনি যিনি তার দাসকে রাত্রিতে মসজিদুল হারাম থেকে মসজিদুল আকসা ভ্রমণ করান  যার চারদিকে আমি করেছি বরকতময়, তাকে আমার কিছু নিদর্শন দেখানোর জন্য।নিশ্চয়ই আল্লাহ  সব শুনেন,  সব দেখেন। " (সূরা ইসরা;১৭:১)।
হাদিসে বলা হয়েছে, রাসূল সা: কাবার পাশে  ঘুমাচ্ছিলেন।  তখন জিব্রাইল আঃ স তার কাছে আসে ও একটি সাদা প্রাণী( গাধা ও খচ্চরের মাঝামাঝি)  বোরাকের ওপর তাকে বসান। রাসূল সা: বোরাকে চড়ে মক্কার মসজিদুল হারাম থেকে জেরুজালেম মসজিদুল আকসা যান।তিনি এখানে অবতরণ করেন আর মসজিদের দরজার করার সাথে বোড়াক বেঁধে রাখেন এবং সকল নবীর ইমাম হয়ে নামাজ পড়ান। এরপর সে রাতেই তাকে বায়তুল মাগাদেস থেকে প্রথম আসমানে নিয়ে যাওয়া হয়। জিব্রাইল দরজা খোলেন।
প্রথম আসমান: হযরত আদম (আ) এর সাথে সাক্ষাৎ।
দ্বিতীয় আসমান: হযরত ইয়াহইয়া (আ) ও হযরত ঈসা (আ) এর সাথে সাক্ষাৎ।
তৃতীয় আসমান: হযরত ইউসুফ (আ) এর সাথে সাক্ষাৎ।

চতুর্থ আসমান: হযরত ইদ্রিস (আ) এর সাথে সাক্ষাৎ।
পঞ্চম আসমান: হযরত হারুন (আ) এর সাথে সাক্ষাৎ।
ষষ্ঠ আসমান: হযরত মূসা (আ) এর সাথে সাক্ষাৎ।
সপ্তম আসমান: হযরত ইব্রাহিম (আ) এর সাথে সাক্ষাৎ।

এভাবে সাতটি আসমানে নবী ও রাসূলদের সাথে সালাম বিনিময় হয় এবং তারা নবুওয়াতের স্বীকারোক্তি করেন।

এরপর তাকে সিদরাতুল মুনতাহা পর্যন্ত নিয়ে যাওয়া হয়। অতঃপর তার জন্য বায়তুল মামুর প্রকাশ করা হয়। এরপর তাকে আল্লাহর দরবারে পৌঁছানো হয়। তিনি আল্লাহর এত কাছাকাছি পৌঁছেন যাতে উভয়ের মধ্যে দু ধনুক বা তারও কম ব্যবধান ছিল। সেসময় আল্লাহ তা'আলা তাঁর বান্দার উপর যা কিছু ইচ্ছা ওহী  এবং ৫০ ওয়াক্ত নামাজ ফরজ করেন। ফেরার পথে মুসা আ: এর সাথে দেখা হলে,  তিনি জিজ্ঞেস করেন," আল্লাহ তা'আলা আপনাকে কিসের  আদেশ দিয়েছেন?"

নবী করীম সাল্লাল্লাহু সালাম বললেন," ৫০ ওয়াক্ত নামাজের আদায় দিয়েছেন।" মুসা আঃ বললেন, "আপনার উম্মত এত নামাজ আদায় করার শক্তি রাখে না। আল্লাহর কাছে ফিরে গিয়ে নামাজ কমিয়ে দেয়ার আবেদন করুন।" এরপর রাসূলুল্লাহ সা: আবেদন রাখলে আল্লাহতালা ১০ ওয়াক্ত নামাজ কমিয়ে দেন এবং তাকে নিচে নিয়ে আসা হয়। মূসা আঃ এর কাছে গিয়ে অতিক্রম করলে তাকে এর সংবাদ শোনালে, তিনি বললেন, "আপনি ফিরে যান এবং আপনার রবের কাছে কমিয়ে দেয়ার আবেদন করুন।" এভাবে হযরত মুসা আঃ ও আল্লাহতালার দরবারে তার আসা যাওয়া অব্যাহত থাকে। আল্লাহ তাআলা পাঁচ ওয়াক্ত অবশিষ্ট রাখেন, এ পাঁচ ওয়াক্তও বেশি মনে করেন। মুসা আলাইহিস সালাম আরও কমিয়ে আনতে বলেন। এখন রাসূল সা: বলেন আল্লাহর দরবারে ফিরে যেতে আমার লজ্জা লাগছে আমি এ আদেশের সন্তুষ্ট এবং এ আদেশের সামনে মাথা নত করে নিচ্ছি। কিছুদূর আসার পর আওয়াজ হল, "আমি আমার ফরজ পেয়েছি এবং বান্দাদের জন্য কমিয়ে দিয়েছি। "

সিদরাতুল মুনতাহায় রাসুল এর যাওয়া নিয়ে কুরআনে বলা হয়েছে, "নিশ্চয়ই সে তো তাকে(জিবরাইল আ:) আরেকবার দেখেছিল শেষ  সীমানার কুল গাছের কাছে;যার পাশে আছে জান্নাত ; যা দিয়ে ঢাকা থাকার কথা( অর্থাৎ আল্লাহর নূর) দিয়ে কুল গাছটি ঢাকা ছিল ; তার দৃষ্টি  বিভ্রাট ঘটেনি বা দৃষ্টি লক্ষ্যচ্যুত  হয়নি। সে তার প্রভুর কিছু সেরা নিদর্শন দেখেছে। " (সূরা নাজম;৫৩:১৩-১৮)

ফিরে আসার পর রাসূল সা: কুরাইশদের বললেন গতরাতে কি ঘটেছে। অবিশ্বাসীরা এমন কি কিছু দুর্বল ঈমানের মুসলমানরাও রাসূল সা: এর মোজিজায় অবিশ্বাস করল। তারা আবু বকর রা: কাছে গিয়ে রাসূল সা: এর নামে ভিত্তিহীন অভিযোগ আনল। আবুবকর রা: কে কাফিররা  প্রশ্ন করল শবে মেরাজের  ঘটনা তিনি সত্য বলে মানেন কিনা ও রাসুল সা: কে তিনি এখনো বিশ্বাস করেন কিনা। জবাবে আবু বকর রা: জানান,' যদি রাসুল এটা বলে থাকেন, তাহলে হ্যাঁ, আমি তাকে বিশ্বাস করি '।

আল্লাহর রাসূল সা:এর প্রতি এই বিশ্বস্ততা ও আনুগত্যতার জন্য তাকে হযরত মুহাম্মদসা: তাকে সিদ্দিক উপাধি দেন। কেননা তিনি সে সময় এই ঘটনার সত্যায়ন করেন যখন অন্যেরা মিথ্যা প্রতিপন্ন করেছিল।

